

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৫. যে ব্যক্তি প্রসিদ্ধি ও পরিচিতিকে অপছন্দ করে

بَابُ مَنْ كَرِهَ الشُّهْرَةَ وَالْمَعْرِفَةَ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا ابْنُ عَوْنٍ عَنْ الْحَسَنِ أَنَّ ابْنَ مَسْعُودِ كَانَ يَمْشِي وَنَاسٌ يَطَنُونَ عَقِبَهُ فَقَالَ لَا تَطَنُّوا عَقِبِي فَوَاللَّهِ لَوْ تَعْلَمُونَ مَا أُغْلِقُ عَلَيْهِ بَابِي مَا تَبِعَنِي رَجُلٌ مِنْكُمْ

رجاله ثقات غير أنه منقطع الحسن لم يدرك ابن مسعود. وابن عون هو: عبد الله

বাংলা

৫৪৯. হাসান হতে বর্ণিত, ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু যখন হেঁটে যেতেন তখন লোকেরা তার গোড়ালী মাড়াতো (পিছে পিছে চলতো)। তখন তিনি তাদের বলেন: তোমরা আমার গোড়ালী মাড়িও না (আমার পিছে পিছে চলো না)। আল্লাহ'র কসম! তোমরা যদি জানতে আমার প্রবেশ পথের মধ্যে কতকিছু আটকে রেখেছি (অর্থাৎ অভ্যন্তরীণ পাপ), তবে তোমাদের একজন লোকও আমার অনুসরণ করতে না।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ক: এর রাবীগণ নির্ভরযোগ্য। কিন্তু এটি মুনকাতি'। হাসান ইবনু মাসউদের সাক্ষাৎ পাননি।

তাখরীজ: ইবনু আবী শাইবা ৯/২০ নং ৬৩৬৫; হাকিম ৩/৩১৬ সকলেই মুনকাতি' সনদে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন